

143073 - ডিসকাউন্ট কার্ড দিয়ে নিজের আত্মীয়-স্বজনের জন্য খরিদ করা

প্রশ্ন

কোন এক দোকানে আমার জন্য ডিসকাউন্ট আছে। যদি আমার পিতা বা আমার কোন নিকটাত্মীয় কিংবা আমার কোন বন্ধু এই ডিসকাউন্টের সুবিধা ভোগ করতে চায়; তা এভাবে যে, আমাকে টাকা দিবে এবং আমি তার জন্য সেই দোকান থেকে তার যা প্রয়োজন সেটা খরিদ করব। কিন্তু পণ্য ও ভাউচার আমার নামে ইস্যু হবে, যেহেতু আমিই ডিসকাউন্টের হকদার ব্যক্তি। দোকানের কর্তৃপক্ষ কিন্তু প্রকৃত বিষয়ের কিছুই জানবে না। এই কাজ কি জায়েয?

প্রিয় উত্তর

আপনার প্রাপ্য ডিসকাউন্ট ব্যবহার করে আপনার পিতা কিংবা আপনার কোন নিকটাত্মীয়ের যা প্রয়োজন তা কিনে দিতে কোন অসুবিধা নেই। যদি এ ধরনের ডিসকাউন্ট সাধারণ শ্রেণীর ক্রেতাদের দেয়া হয়ে থাকে (সাধারণত এটাই ঘটে); কোন ব্যক্তিগত বিবেচনা থেকে নয়।

উল্লেখ্য কিছু কিছু দোকান ও শপিং মল ক্রেতাদেরকে উপহারস্বরূপ ডিসকাউন্ট কার্ড দিয়ে থাকে কিংবা যে ব্যক্তি নির্দিষ্ট অংকের মূল্য পরিমাণ জিনিসপত্র খরিদ করেছে তাকে দিয়ে থাকে। এটি এমন কার্ড যাতে ক্রেতার ব্যক্তিত্বকে বিবেচনায় ধরা হয় না। বরং একই দোকান থেকে ক্রেতাকে কিনতে উদ্বুদ্ধ করা হয়। তাই ব্যক্তি নিজের জন্য খরিদ করুক কিংবা অন্য কারো জন্য খরিদ করুক এতে কোন পার্থক্য প্রতীয়মান হয় না এবং এতে কোন পক্ষের উপর কোন ক্ষতি বর্তায় না।

আর যে ব্যক্তি সতর্কতা ও পরহেযগারিতা অবলম্বন করতে চায় সে যেন দোকানের মালিকপক্ষকে এই ডিসকাউন্টের ব্যবহার সম্পর্কে জিজ্ঞেস করে নেয়।

ডিসকাউন্ট কার্ডের উভয় প্রকার (ফ্রি কার্ড ও ফ্রি নয়) সম্পর্কে 121759 নং প্রশ্নোত্তরটি দেখুন।

আল্লাহই সর্বজ্ঞ।